

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

২য় অনুরোধ পত্র

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০২৯.১৮.৬৬০

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৫

১২ ডিসেম্বর ২০১৮

বিষয়: নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসার অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে জনাব মো: আব্দুর রহমান এর নিয়োগ বিষয়ে আদালতের রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব মো: আব্দুর রহমান, অফিস সহকারী কাম হিসাব সহকারী, মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসার আবেদন, তারিখ: ১৭.০১.২০৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, জনাব মো: আব্দুর রহমান, অফিস সহকারী কাম হিসাব সহকারী, মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসা কর্তৃক সূত্রান্ত ১ নং স্মারক মূলে একখানা আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জনাব মো: আব্দুর রহমান অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে আদালতের রায় বাস্তবায়নপূর্বক এমপিভুক্তির জন্য অনুরোধ করেছেন।

০৩. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, “অফিস সহকারী কাম হিসাব সহকারী” পদে নিয়োগের নিমিত্ত ০১.০১.২০১৪ খ্রি: তারিখে দৈনিক নয়া দিগন্ত পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (কপি সংযুক্ত)। সে মোতাবেক ২৫.০৬.২০১৪ তারিখে নিয়োগ নির্বাচনী বোর্ড অনুষ্ঠিত হয় এবং বিজ্ঞ নিয়োগ বোর্ড কর্তৃক ১ম নির্বাচিত হওয়ায় জনাব জনাব মো: আব্দুর রহমানকে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদের বিপরীতে নিয়োগদানের জন্য সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)।

০৪. নিয়োগ বোর্ডের সুপারিশক্রমে বিষয়োক্ত মাদরাসার গভর্নর্স বডির ২৯.০৬.২০১৪ খ্রি: তারিখের সিদ্ধান্ত (কপি সংযুক্ত) মোতাবেক ৩০.০৬.২০১৪ খ্�রি: তারিখে জনাব মো: আব্দুর রহমান কে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে অধ্যক্ষ কর্তৃক নিয়োগ পত্র প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

০৫. অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্র পেয়ে জনাব মো: আব্দুর রহমান অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে ৩০.০৬.২০১৪ খ্রি: তারিখে যোগদান করেন।

০৬. পরবর্তীতে বর্ণিত পদের (অফিস সহকারী কাম হিসাব সহকারী) নিয়োগ বিষয়ে জনাব মো: জহরুল হক কর্তৃক (উক্ত পদের একজন প্রার্থী ছিলেন) সহকারী জজ আদালত, গুরুদাসপুর, নাটোরে মামলা নং-১১৬/২০১৪ (অন্য প্রকার) দায়ের করা হয় (কপি সংযুক্ত)।

০৭. উক্ত মামলার কারণে নিয়োগোক্ত পরবর্তী কার্যক্রম স্থগিত হয়ে যায়। ইতোমধ্যে বিগত ২৮.০২.২০১৮ খ্রি: তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক মামলাটি dismissed করা হয় (মামলার কপি সংযুক্ত) এবং নিয়োগোক্ত বুপে রায় প্রদান করা হয়- “সুতরাং সকল স্বাক্ষ্য প্রমাণ পর্যালোচনায় দেখা যায় ৫নং বিবদীর অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগ লাভের যোগ্যতা আছে। তিনি বিধি মোতাবেক বৈধ ভাবে ১ম স্থান অধিকার করে নিয়োগ প্রাপ্ত হয়েছেন। সুতরাং তার নিয়োগ কোন ভাবেই অবৈধ হবে না। নিয়োগ বিজ্ঞপ্তিতে অস্পষ্টতা এবং অসম্পূর্ণতার জন্য সে দায়ী নয়।”

০৮. উক্ত মামলায় কোন আপিল হয়নি মর্মে প্রমাণক (Information sleep) রয়েছে (কপি সংযুক্ত)।

০৯. যেহেতু বিজ্ঞ আদালত কর্তৃক বিষয়োক্ত মাদরাসার অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে জনাব মো: আব্দুর রহমান এর নিয়োগকে বৈধ হিসেবে রায় দেয়া হয়েছে সেহেতু এ পদের এমপিভুক্তিতে কোন বাধা আছে বলে এ অধিদপ্তর মনে করে না।

১০. বর্ণিত অবস্থার আলোকে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে জনাব মো: আব্দুর রহমান এর বিপরীতে মামলার রায় বাস্তবায়ন হওয়া প্রয়োজন।

১১. এমতাবস্থায় নাটোর জেলার গুরুদাসপুর উপজেলাধীন মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসার অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে জনাব মো: আব্দুর রহমান এর নিয়োগ বিষয়ে আদালতের রায় বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করণের জন্য মহোদয়কে সুত্রান্ত স্মারকে অনুরোধ করা হয়েছিল ইতোমধ্যে দীর্ঘ প্রায় ০৮ (আট) মাস অতিবাহিত হয়েছে। কিন্তু সুত্রান্ত স্মারকের পত্রানুযায়ী গৃহীত পদক্ষেপ সম্পর্কে এ যাবত এ অধিদপ্তরকে অবহিত করা হয়নি। বিধায় আগামী ২০.১২.২০১৮ খ্রি, তারিখের মধ্যে আদালতের রায় বাস্তবায়নক্রমে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য ২য় বারের

মত মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী
সংযুক্তি: বর্ণনা মতে- ২০ ফর্দ।

১৭-১২-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

উপ পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০২৯.১৮.৬৬০/১(৫)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৫
১২ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গুরুদাসপুর, নাটোর।
- ৪) অধ্যক্ষ, মশিন্দা শিকারপাড়া মডেল ফার্জিল মাদ্রাসা, গুরুদাসপুর, নাটোর।
- ৫) অফিস, কপি

১৭-১২-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক